

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 17/12/2022

Desk in Charg :- SDG

Time: 7.50 PM

Compiling :- Priya B.

DEO: KB

NRT : Priya B.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় আগামীকাল থেকে শুনানির জন্য নোটিশ পাঠানো শুরু হবে।

২/ ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদের সমস্যা নিরসনে রাজ্য সরকার, ‘ওয়েস্ট বেঙ্গল ট্রেডার্স ওয়েলফেয়ার ডেভলপমেন্ট বোর্ড’ তৈরি করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। #এদিকে বিজেপি, ‘ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল গ্রেভইয়ার্ড’ নামে একটি পুস্তিকা প্রকাশ করে বলেছে, এখানে রাজ্যের শিল্পের বেহাল দশার কথা তুলে ধরা হয়েছে।

৩/ পাহাড়ে, GTA নিয়ন্ত্রণাধীন অঞ্চলে শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগে ৩১৩ জনের চাকরি বাতিলের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৪/ RG KAR-এ তরুণী চিকিৎসকের খুন ও ধর্ষণের ঘটনায় সুপ্রিম কোর্টে দায়ের হওয়া স্বতঃপ্রণোদিত মামলা শীর্ষ আদালত কলকাতা হাইকোর্টে ফেরত পাঠিয়েছে।

৫/ উত্তর ২৪ পরগণার পানিহাটির তৃণমূল কংগ্রেস কাউন্সিলর অনুপম দত্ত খুনের ঘটনায় দোষী সাব্যস্ত তিন জনকেই যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে ব্যারাকপুর মহকুমা আদালত।

ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় শুনানি পর্বের জন্য আগামিকাল থেকেই নোটিশ পাঠানো শুরু হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। নোটিশ পাওয়ার পর সংশ্লিষ্ট ভোটারদের সাত দিন সময় দেওয়া হবে। সেক্ষেত্রে আগামী সপ্তাহ থেকেই শুনানি শুরু হতে পারে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। ৮৫ বছর বা তার বেশি বয়সী ভোটাররা যদি শুনানির আওতায় পড়েন, তাহলে তাঁদের শুনানি কেন্দ্রে আসতে হবে না। সংশ্লিষ্ট ইআরও নিজে বাড়িতে গিয়ে শুনানি করবেন। সেই সময় উপস্থিত থাকবেন অ্যাসিস্ট্যান্ট ইআরও (এএইআরও) এবং সংশ্লিষ্ট বুথের বিএলও।

এদিকে, খসড়া ভোটার তালিকায় সিপিআই(এম) নেতা মহম্মদ সেলিমের ছেলের নাম ভুল উঠেছে বলে যে বিতর্ক-এর সৃষ্টি হয়েছিল কমিশন আজ তা খারিজ করে দিয়েছে। তাঁরা জানিয়েছে, বাংলায় অনুবাদ করে তালিকা দেখার ফলেই বিভ্রান্তি তৈরি হয়েছে।

খসড়া তালিকা প্রকাশের পর ভুল ধরা পড়তেই কড়া পদক্ষেপ শুরু করেছে নির্বাচন কমিশন। শিলিগুড়ির, হুগলির চণ্ডীতলা, মাটিগাড়া-নকশালবাড়ি এবং কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্র এবং ডানকুনির মোট পাঁচ জন বিএলও-কেও শোকজ নোটিস পাঠানো হয়েছে। শুধু তাই নয়, ওই কেন্দ্রগুলির ইআরও-দের কাছ থেকেও বিস্তারিত রিপোর্ট চেয়েছে কমিশন।

তবে কমিশন স্পষ্ট করে জানিয়েছে, বিএলও-দের ভুলের কারণে যাঁদের নাম বাদ পড়েছে বা সমস্যা তৈরি হয়েছে, তাঁদেরও বিধি মেনে ফর্ম ৬ পূরণ করতেই হবে।

শুনানি ও যাচাইয়ের পরেই প্রতিটি বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

এদিকে, নির্বাচন কমিশন নিযুক্ত বিশেষ রোল অবসার্ভার সুব্রত গুপ্ত আজ হাওড়ার জেলাশাসক, ERO এবং অন্যায় আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছেন।

SUCI কমিউনিস্ট, সময় নিয়ে ত্রুটিহীন ভোটার তালিকা তৈরি করতে নির্বাচন কমিশনের কাছে দাবি জানিয়েছে। দলের রাজ্য কমিটির তরফে চার সদস্যের প্রতিনিধি দল আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে চিঠি দিয়ে খসড়া তালিকা নিয়ে

জমা পড়া অভিযোগ ও আপত্তি যথাযথভাবে বিবেচনা করে চূড়ান্ত তালিকা তৈরির দাবি জানিয়েছে।

খসড়া ভোটার তালিকায় ৫৮ লক্ষের বেশি নাম বাদ পড়ায় তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কলকাতায় দলের বুথ লেভেল এজেন্টদের নিয়ে আরও একটি বৈঠকে বসতে চলেছেন। দলীয় সূত্রে জানা গিয়েছে, আগামী ২২ ডিসেম্বর নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে এই বৈঠক অনুষ্ঠিত হবে। সেখানে কলকাতার পাশাপাশি হাওড়া ও হুগলি জেলার একাংশের বিএলএ-দের ডাকা হয়েছে। নির্বাচন কমিশনের শুনানি শুরুর ঠিক আগে এই বৈঠক রাজনৈতিকভাবে তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য, খসড়া ভোটার তালিকা প্রকাশের পর গতকালই তিনি নিজের বিধানসভা কেন্দ্র ভবানীপুরে স্থানীয় নেতৃত্ব ও বুথ লেভেল এজেন্টের সঙ্গে বৈঠক করেন।

ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদের সমস্যা নিরসনে রাজ্য সরকার, ‘ওয়েস্ট বেঙ্গল ট্রেডার্স ওয়েলফেয়ার ডেভলপমেন্ট বোর্ড’ তৈরি করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। আজ কলকাতায় নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে আয়োজিত ব্যবসায়ী সম্মেলনে অংশ নিয়ে তিনি, প্রতিটি জেলার বণিক সংগঠনগুলিকে সাত দিনের মধ্যে জেলার ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদের নামের তালিকা মুখ্যসচিব মনোজ পন্থ-এর কাছে জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন। এর পাশাপাশি কলকাতায় ‘বিজনেস টু বিজনেস হাব’ এবং শিলিগুড়িতে ট্রেড অ্যান্ড এক্সপোর্ট ফেসিলিটি সেন্টার তৈরি করা হবে বলেও মুখ্যমন্ত্রী জানান।

এদিকে, আগামীকাল রাজ্যে শিল্প বিনিয়োগের সম্ভাবনা, কর্মসংস্থান ও বিনিয়োগকারীদের আকর্ষণ বৃদ্ধির জন্য রাজ্য সরকার আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে এক শিল্প সম্মেলনের আয়োজন করেছে। প্রস্তাবিত বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি কনক্লেভে উপস্থিত থাকার জন্যে রাজ্যের প্রথম সারির সব শিল্পপতিকে আমন্ত্রণ জানানো হয়েছে।

বিজেপি, বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের সমালোচনা করে বিজেপি একে ‘ফ্লপ শো’ বলে কটাক্ষ করেছে। কলকাতায় আজ এক যৌথ সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, ‘ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল গ্রেভইয়ার্ড’ নামে একটি পুস্তিকা প্রকাশ করেন। বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে এ’পর্যন্ত স্বাক্ষরিত স্মারক পত্র এবং বিনিয়োগ প্রস্তাবের খতিয়ান তুলে ধরেন তাঁরা।

শ্রী অধিকারী জানিয়েছেন, বাণিজ্য সম্মেলনে এপর্যন্ত ৮শোটি মৌ স্বাক্ষরিত হয়েছে এবং কুড়ি লক্ষ কোটি টাকার বিনিয়োগের প্রস্তাব এলেও তা কার্যকর হয়নি। শুধুমাত্র MSME সেক্টরে বিনিয়োগ হয়েছে, বড় শিল্পে কোন বিনিয়োগ হয়নি।

(বাইট- শুভেন্দু)

যুবভারতী ক্রীড়াঙ্গনে আর্জেন্টিনার ফুটবল তারকা লিওনেল মেসির অনুষ্ঠানকে কেন্দ্র করে বিশৃঙ্খলার ঘটনার পর ক্রীড়ামন্ত্রী অরুণ বিশ্বাসের পদত্যাগ, আসল ঘটনাকে ধামাচাপ দেবার চেষ্টা বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই অভিযোগ করেন। তাঁদের আরো অভিযোগ, এই ঘটনায় শাসক দলের নেতারা জড়িত। পরে বিরোধী দলনেতা আজ যুবভারতী ক্রীড়াঙ্গন পরিদর্শনে গেলেও গেট বন্ধ থাকায় ভেতরে ঢুকতে পারেন নি। পরে স্টেডিয়ামের বাইরে দলের নেতা কর্মীদের নিয়ে প্ল্যাকার্ড হাতে বিক্ষোভ দেখান তিনি।

অন্যদিকে, যুবভারতীতে ভাঙচুরের ঘটনায় তদন্তকারী চার IPS আধিকারিক আজ ঘটনাস্থল পরিদর্শন করেন। কথা বলেন স্টেডিয়ামের দায়িত্বে থাকা আধিকারিকদের সঙ্গেও।

এদিকে, দিল্লি থেকে ফিরে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, যুবভারতী কাণ্ডে তীব্র ক্ষোভ প্রকাশ করে বলেছেন, কয়েকজনের আদিখ্যেত্যায় সাধারণ অনুরাগীরা হতাশ হয়েছেন। তাঁদের ক্ষোভ ন্যায্য। এই ঘটনায় আন্তর্জাতিক স্তরে বাংলার মাথা হেঁট হয়েছে। লিওনেল মেসির সম্বর্ধনা ঘিরে যে পরিস্থিতি তৈরী হয়েছিল, তাতে প্রশাসনের গাফিলতি ছিল বলেও তিনি জানান।

উল্লেখ্য, যুবভারতীতে ভাঙচুরের ঘটনায় বাইপাস এলাকার ধাবা থেকে ধৃত রূপক মন্ডলকে আজ বিধাননগর আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজত হয়েছে। এই নিয়ে এই ঘটনায় ৬ জনকে ধরা হল।

‘আজকের প্রসঙ্গ’ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ভারত-রাশিয়া সম্পর্ক। ডক্টর অনিক চ্যাটার্জি র সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও DTH বাংলায় শোনা যাবে। দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আগামীকাল রাত ৮ টায়।

আকাশবাণী কলকাতার এই বিশেষ অনুষ্ঠান এবার থেকে প্রতি মঙ্গল ও বৃহস্পতিবার রাত আটটা এবং বুধবার রাত সাড়ে নটায় শোনা যাবে গীতাঞ্জলি ও ডিটিএইচ বাংলা পরিষেবায়। এটি আমাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মেও পাওয়া যাবে।

পাহাড়ে, গোখাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন-GTA-এর নিয়ন্ত্রনাধীন অঞ্চলে শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগে ৩১৩ জনের চাকরি বাতিলের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি বিশ্বজিৎ বসুর বেঞ্চে আজ এই মামলার শুনানি হয়। বেঞ্চার পর্যবেক্ষণ, এই নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ বেআইনি ও নিয়ম বিরুদ্ধ। নিয়মিতকরণ বলা হলেও, প্রকৃতপক্ষে এটি ছিল নতুন নিয়োগ, যা স্পষ্টতই আইন লঙ্ঘনের সামিল। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলিকে বেসরকারি স্কুল বলে যে দাবি করা হয়েছিল, তাও খারিজ করেছে আদালত। GTA আইনের ৭৩ নম্বর ধারা উল্লেখ করে বেঞ্চ জানায়, ওই স্কুলগুলি আইনানুযায়ী পরিচালিত এবং রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন। চাকরী বাতিলের পাশপাশি CID তদন্ত চালিয়ে নিয়ে যাওয়ারও নির্দেশ দিয়েছে আদালত।

উল্লেখ্য, চলতি বছরের এপ্রিল মাসে বিচারপতি বসু এদের বেতন বন্ধ করার নির্দেশ দিয়েছিলেন। তারপরও রাজ্যের তরফে কোন পদক্ষেপ করা হয়নি।

আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় সুপ্রিমকোর্টে দায়ের হওয়া স্বতঃপ্রণোদিত মামলা শীর্ষ আদালত, কলকাতা হাইকোর্টে ফেরত পাঠিয়েছে। দুই বিচারপতি এমএম সুন্দরেশ ও বিচারপতি সতীশ চন্দ্র শর্মার বেঞ্চ এই মামলায় তদন্তের উপর নজরদারি এবং আদালত এখনও পর্যন্ত যা নির্দেশ দিয়েছে, তা হাইকোর্টকেই কার্যকর করতে বলেছে। মামলার কাগজপত্র হাইকোর্টে পাঠানোর পাশাপাশি, নির্যাতিতার বাবা-মাকে স্টেটাস রিপোর্টের প্রতিলিপি দিয়ে দেওয়ার কথাও বলেছে শীর্ষ আদালত।

উল্লেখ্য, ২০২৪ সালের ৯ অগস্ট আরজি করে চিকিৎসক-ছাত্রীর দেহ উদ্ধার হয়। ঘটনার পরের দিনই গ্রেফতার হয় সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়। সেসময় সুপ্রিমকোর্টের তৎকালীন প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় স্বতঃপ্রণোদিত মামলা গ্রহণ করেন।

উত্তর ২৪ পরগণার পানিহাটির তৃণমূল কংগ্রেস কাউন্সিলর অনুপম দত্ত খুনের ঘটনায় দোষী সাব্যস্ত তিন জনকেই যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে ব্যারাকপুর মহকুমা আদালত। এছাড়াও এক লক্ষ টাকা করে জরিমানার নির্দেশ দেওয়া হয়েছে। দীর্ঘ আইনি লড়াইয়ের পর গত সোমবার সঞ্জীব ওরফে বাপি পন্ডিত, অমিত পন্ডিত এবং জিয়ারুল মন্ডলকে দোষী সাব্যস্ত করা হয়। এই রায়ে খুশি মৃতের পরিবার। অনুপমের স্ত্রী, বর্তমান তৃণমূল কংগ্রেস কাউন্সিলর মিনাক্ষী দত্ত জানিয়েছেন, কলকাতা হাইকোর্টে এই মামলা গড়ালে সেখানেও তারা দোষীদের শাস্তি চাইবেন।

(বাইট-মিনাক্ষী দত্ত)

উল্লেখ্য, ২০২২ সালের ১৩ই মার্চ আগরপাড়া স্টেশন রোডে স্কুটারে ওঠার সময় পানিহাটি পুরসভার আট নম্বর ওয়ার্ডের তৎকালীন কাউন্সিলর অনুপমকে খুব কাছ থেকে গুলি করে দুষ্কৃতিরা। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর। সেদিন রাতেই অমিতকে পাকড়াও করে পুলিশ। পরে গ্রেপ্তার হয় বাপি এবং জিয়ারুল।

ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমানা লঙ্ঘনের অভিযোগে দুটি বাংলাদেশি ট্রলার সহ ৩৫ জন মৎস্যজীবীকে আটক করেছে ভারতীয় উপকূল রক্ষী বাহিনী। তাদের দক্ষিণ ২৪ পরগনার ফ্রেজারগঞ্জে নিয়ে আসা হচ্ছে।

নিউটাউনের ইকো পার্কের কাছে ঝুপড়িতে বিধ্বংসী আগুনে লাগার খবর পাওয়া গেছে। কালো ধোঁয়ায় গোটা এলাকা ঢেকে গেছে, দমকলের বেশ কয়েকটি ইঞ্জিন আগুন নেভানোর কাজে করছে। তবে রাস্তা সরু হওয়ায় অগ্নিকাণ্ডস্থলে দমকল পৌঁছাতে বেশ অসুবিধার সম্মুখীন হচ্ছে। স্থানীয়রাও আগুন নেভানোর কাজে হাত লাগিয়েছেন। এখনো হতাহতের কোন খবর পাওয়া যায়নি।
